

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বানারীপাড়া, বরিশাল।



স্মারক নং-০৫.১০.০৬১০.৮৪৯.৯৯.০০১.২০-৪৪৩

তারিখঃ ৩০ পৌষ, ১৪২৭  
১৪ জানুয়ারি, ২০২১

**নিয়োগ বিজ্ঞপ্তি**

বরিশাল জেলাধীন বানারীপাড়া উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরকার কর্তৃক নির্ধারিত বেতন স্কেলে মহল্লাদার নিয়োগের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তসমূহ পালন সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	পদের সংখ্যা	বেতনক্রম
০১	বিশারকান্দি	০১	০১ টি	সরকারি বিধি মোতাবেক
০২	সৈয়দকাঠী	১, ৯	০২ টি	
০৩	চাখার	১, ৩, ৭	০৩ টি	
০৪	বাইশারী	৩, ৬, ৯	০৩ টি	
০৫	বানারীপাড়া	০৮	০১ টি	
০৬	উদয়কাঠী	০৯	০১ টি	
		সর্বমোট	১১ টি	

- শর্তাবলীঃ**
- ১। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকা দেয়া হবে।
  - ২। ৩১/০১/২০২১ খ্রিঃ তারিখ প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর শিথিল যোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।
  - ৩। প্রার্থীকে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
  - ৪। পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা-সর্বনিম্ন ৫ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি(স্বাভাবিক); ৩২ ইঞ্চি(সম্প্রসারণ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি হতে হবে এবং মহিলা প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা সর্বনিম্ন ৫ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি(স্বাভাবিক); ৩০ ইঞ্চি(সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৪৫ কেজি হতে হবে।
  - ৫। দরখাস্তে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্মতারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক আগামী ৩১/০১/২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ৯"X৫" সাইজের সীলগালাকৃত যুক্ত খামে উপজেলা নির্বাহী অফিসার, বানারীপাড়া, বরিশাল এর বরাবর সরাসরি অথবা ডাকযোগে দরখাস্ত প্রেরণ করতে হবে।
  - ৬। মৃত অথবা অবসরপ্রাপ্ত মহল্লাদারদের পুত্র, কন্যা বা প্রত্যেক পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।
  - ৭। আবেদনের সাথে সদ্য তোলা ২কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র, জন্মসনদপত্রের ফটোকপি, নাগরিকত্ব সনদ এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদনের সাথে জমা দিতে হবে।
  - ৮। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।
  - ৯। খামের উপরে যে ইউনিয়নের যে ওয়ার্ডের আবেদন দাখিল করা হবে সে ইউনিয়ন ও ওয়ার্ডের নাম মোটা অক্ষরে লিখতে হবে।
  - ১০। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
  - ১১। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত সকল কোটা এবং বিধি অনুসরণ করা হবে।
  - ১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

  
(রিপন কুমার সাহা)


উপজেলা নির্বাহী অফিসার

ফোনঃ ০২৪৪৮০৩০০৯

Email:unobanaripara@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১. জনাব মোঃ শাহে আলম, মাননীয় সংসদ সদস্য, বরিশাল-২
২. জেলা প্রশাসক, বরিশাল।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া, বরিশাল।
৪. মেয়র, বানারীপাড়া পৌরসভা, বানারীপাড়া, বরিশাল।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।
৬. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া, বরিশাল।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া, বরিশাল।
৮. অফিসার ইনচার্জ, বানারীপাড়া থানা।
৯. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বানারীপাড়া, বরিশাল।
১০. উপজেলা ..... অফিসার, বানারীপাড়া, বরিশাল।
১১. চেয়ারম্যান, .....ইউনিয়ন পরিষদ, বানারীপাড়া, বরিশাল। তাকে অবগতি ও বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১২. সভাপতি/সম্পাদক, বানারীপাড়া প্রেসক্লাব।
১৩. সভাপতি/সম্পাদক, .....হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি, বানারীপাড়া, বরিশাল। তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
১৪. ইউপি সচিব, .....ইউনিয়ন পরিষদ, বানারীপাড়া, বরিশাল। তাকে অবগতি ও ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৫. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বানারীপাড়া, বরিশাল। তাকে বিজ্ঞপ্তিটি উপজেলা এবং ইউনিয়ন ওয়েব পোর্টাল(তথ্য বাতায়ন) এবং সামাজিক যোগাযোগের মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
১৬. জনাব ..... বানারীপাড়া, বরিশাল।
১৭. নোটিশ বোর্ড।

  
(রিশ্বন কুমার সাহা  
উপজেলা নির্বাহী অফিসার  
বানারীপাড়া, বরিশাল।